

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date 25-03-2025**

**Time: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

- ১) স্বাস্থ্য সাথী প্রকল্পে গত তিন বছরে রাজ্যের বিভিন্ন বেসরকারি হাসপাতালে কত জন রোগীর চিকিৎসা হয়েছে স্বাস্থ্য কমিশন তা নিয়ে রিপোর্ট তলব করেছে।
- ২) পূর্ব ভারতের মধ্যে স্বাস্থ্যক্ষেত্রে সেবা গবেষণা প্রতিষ্ঠান হিসাবে প্রথম স্থান অর্জন করেছে কলকাতা মেডিক্যাল কলেজ। দ্বিতীয় স্থানে রয়েছে এসএসকেএম হাসপাতাল।
- ৩) কলকাতা পুরসভা, বর্ষায় ডেঙ্গু ম্যালেরিয়ার প্রকোপ বাড়ার প্রবণতার প্রেক্ষিতে মহানগরীতে ৬৮ টি ওয়ার্ড কে বিপদজনক ওয়ার্ড হিসেবে চিহ্নিত করেছে।
- ৪) সদ্য সমাপ্ত রাজ্য বিধানসভার বাজেট অধিবেশনে হুইপ জারি করা সত্ত্বেও অনুপস্থিত তৃণমূল কংগ্রেস বিধায়ক ও মন্ত্রীদের বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে দল।
- ৫) সরকার, ভোটার তালিকা থেকে হিন্দু এবং হিন্দিভাষীদের নাম বাতিল করতে চাইছেন বলে বিজেপি অভিযোগ করেছে।

---

স্বাস্থ্য সাথী প্রকল্পে গত তিন বছরে রাজ্যের বিভিন্ন বেসরকারি হাসপাতালে কত জন রোগীর চিকিৎসা হয়েছে স্বাস্থ্য কমিশন তা নিয়ে রিপোর্ট তলব করেছে। ওই প্রকল্পের বর্তমান অবস্থা নিয়ে কমিশনের সদস্যরা গতকাল বিভিন্ন বেসরকারি

হাসপাতাল ও নার্সিংহোম কর্তৃপক্ষের সঙ্গে বৈঠক করেন। সেখানেই এই তথ্য চাওয়ার পাশাপাশি যারা সর্বোচ্চ পরিষেবা দিয়েছে কমিশনের তরফে তাদের পুরস্কৃত করা হবে বলেও জানানো হয়েছে। এ ছাড়া সরকারি হেলথ স্কিমের জন্য বেসরকারি হাসপাতাল গুলিকে দশ শতাংশ শয্যা বরাদ্দ করার নির্দেশও দেওয়া হয়েছে বলে স্বাস্থ্য দপ্তর সূত্রে জানা গেছে।

-----

কলকাতা পুরসভা, বর্ষায় ডেঙ্গু ম্যালেরিয়ার প্রকোপ বাড়ার প্রবণতার প্রেক্ষিতে মহানগরীতে ৬৮ টি ওয়ার্ড কে বিপদজনক হিসেবে চিহ্নিত করেছে।

পুর ভবনে গতকাল এক সাংবাদিক বৈঠকে এ কথা জানান কলকাতা পুরসভার ডেপুটি মেয়র অতীন ঘোষ। অতীতে এই ওয়ার্ড গুলি থেকে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা বেশি মেলায় এই সমস্ত ওয়ার্ড কে বিপজ্জনক হিসেবে চিহ্নিত করা হল বলে তিনি জানান।

শহর কলকাতায় ডেঙ্গু ম্যালেরিয়া প্রতিরোধে এই কর্মসূচি ঘোষণা করেন অতীন বাবু। তিনি বলেন, কলকাতা পুরসভার 144 টি ওয়ার্ডেই মশা বাহিত রোগ ডেঙ্গু, ম্যালেরিয়া সংক্রান্ত ডেটা সংগ্রহের কাজ চলছে। সমস্ত তথ্য অনলাইনে পুরসভার ওয়েবসাইটে আপলোড করার কাজও চলবে বলে অতীন বাবু জানিয়েছেন। ডেঙ্গু ম্যালেরিয়া নিয়ন্ত্রণের লক্ষ্যে কলকাতা পুরসভা আগামী কাল থেকে স্বাস্থ্য প্রশাসনিক বৈঠক শুরু করবে। কোথায় কোথায় পরিত্যক্ত বাড়ি, কারখানায় জঞ্জাল জমে আছে তার সন্ধান চালাবে পুরসভা।

পুরসভার নির্দেশ অগ্রাহ্য করে যারা এভাবে জমা জল জঞ্জাল জমাবে পুরসভা সংশ্লিষ্ট জমির মালিকের বিরুদ্ধে জরিমানা ধার্য করবে। পুরসভার নির্দেশ অগ্রাহ্য করায়

গত বছর বেশ কয়েকটি ক্ষেত্রে জরিমানা আদায় করা হয়েছে বলেও অতীন বাবু জানিয়েছেন।

---

পূর্ব ভারতের মধ্যে স্বাস্থ্যক্ষেত্রে সেরা গবেষণা প্রতিষ্ঠান হিসাবে অন্যদের পিছনে ফেলে প্রথম স্থান অর্জন করেছে কলকাতা মেডিক্যাল কলেজ। তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছে এসএসকেএম। ‘ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিকেল রিসার্চ’ (আইসিএমআর) সম্প্রতি গবেষণা প্রতিষ্ঠানগুলির পরিকাঠামো, সাফল্য, সুযোগসুবিধার বিষয়ে বিবেচনা করে একটি ক্রমতালিকা প্রকাশ করে। সেই তালিকাতেই জায়গা পেয়েছে কলকাতার দুই মেডিক্যাল কলেজ। সমাজমাধ্যমে এই খবর জানিয়েছেন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। তিনি বলেছেন, স্বাস্থ্য পরিকাঠামোয় প্রত্যেকের কাছে বাংলাই মডেল।

উল্লেখ্য, আরজি কর মেডিক্যাল কলেজ এবং হাসপাতালের মহিলা চিকিৎসকের ধর্ষণ এবং খুনের ঘটনাকে কেন্দ্র করে উত্তাল হয়ে ওঠে রাজ্য এবং গোটা দেশ। এর প্রেক্ষিতে আইসিএমআরের এই স্বীকৃতি রাজ্য সরকারের কাছে বিশেষ গুরুত্বপূর্ণ বলে মনে করা হচ্ছে।

---

আরজি কর হাসপাতালে তরুণী পিজিটি চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় বৃহত্তর ষড়যন্ত্রের তত্ত্বকে সিবিআই কখনো মান্যতা দিয়েছে কিনা, কলকাতা হাইকোর্ট তা নিয়ে প্রশ্ন তুলেছে। সুপ্রিম কোর্টের নির্দেশ মোতাবেক উচ্চ আদালতে গতকাল আরজি কর মামলার শুনানির সময় সিবিআইকে বিচারপতি তীর্থঙ্কর ঘোষের একগুচ্ছ প্রশ্নবাহের সম্মুখীন হতে হয়। কতদূর তদন্ত এগিয়েছে, এই মুহূর্তে তদন্তকারীরা কী করছেন, কোন

কোন ধারায় চার্জ গঠন করা হয়েছে, সাজাপ্রাপ্ত ব্যক্তিই একমাত্র অভিযুক্ত কিনা এধরনের যাবতীয় প্রশ্নের উত্তর সম্বলিত কেস ডায়েরি আগামী ২৮শে মার্চ জমা দিতে বলেছে কলকাতা হাইকোর্ট। ওই দিনই মামলার পরবর্তী শুনানি।

শুনানির পর আদালত চত্বরে নির্যাতিতার মা সাংবাদিকদের বলেন, তারা এতদিনে কিছুটা আশার আলো তারা দেখতে পাচ্ছেন।

পরে, পূর্ব বর্ধমানে কার্জন গেট চত্বরে এক সভায় নির্যাতিতার বাবা বলেন, হাইকোর্ট সিবিআইকে এইভাবে চাপ সৃষ্টি করলে অবশ্যই বিচার মিলবে বলে তারা আশাবাদী।

এদিকে, আর জি কর-এর ঘটনায় প্রকৃত ন্যায় বিচার না হলে রাজ্যে স্বাস্থ্য ক্ষেত্রে ব্যাপক দুর্নীতি ও জাল ওষুধের কারবার বন্ধ করা যাবে না বলে সার্ভিস ডক্টর ফোরাম সাধারণ সম্পাদক ডাক্তার সজল বিশ্বাস দাবি করেছেন।

প্রবীণ কংগ্রেস নেতা অধীর চৌধুরী বলেছেন, রাজ্যের মানুষ তিলোত্তমার ন্যায়বিচারের আশায় রয়েছে।

বাইট

অন্যদিকে তৃণমূল কংগ্রেস নেতা জয়প্রকাশ মজুমদার বলেছেন,

বাইট

-----

নদীয়ার পলাশীতে চার বছরের শিশু কন্যাকে যৌন নির্যাতনের ঘটনায় গতকাল পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। এই ঘটনায় পুলিশ এক অভিযুক্তকে গ্রেপ্তার করলেও বাকিরা

এখনও পলাতক। অন্যদের গ্রেপ্তারের দাবিতে স্থানীয় বাসিন্দারা দফায় দফায় রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখান। পরে পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।

উল্লেখ্য, রবিবার দুপুরে কালিগঞ্জ থানার মীরা অঞ্চলে মেয়েটি বাড়ির সামনে খেলছিল। সেই সময় কয়েকজ যুবক একটি পরিত্যক্ত বাড়িতে ডেকে নিয়ে গিয়ে ধর্ষণ করে বলে অভিযোগ। পরে শিশুটির চিৎকার শুনে বাড়ির লোকেরা ছুটে গেলে অভিযুক্তরা পালিয়ে যায়। পরিবারের পক্ষ থেকে মীরা বাজার পুলিশ ফাঁড়িতে অভিযোগ দায়ের করা হয়।

এদিকে পলাশীতে ঐ ঘটনার প্রতিবাদে মিছিল ও বিক্ষোভ কর্মসূচী পালনের অভিযোগে কালিগঞ্জ থানার পুলিশ গতরাতে কোনোরকম নোটিশ ছাড়াই তাদের সংগঠনের কর্মী রেজা শেখকে গ্রেপ্তার করেছে বলে এসএফআই-এর অভিযোগ। অবিলম্বে তার মুক্তির দাবি জানিয়েছে তারা।

---

বিশ্ব আবহাওয়া দিবস উপলক্ষে আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের বিশেষ আলোচনা- 'হাওয়া মোরগ' এর দ্বিতীয় পর্ব শোনা যাবে আজ ( মঙ্গলবার) সঞ্চয়িতায় রাত সাড়ে ৮'টায়। আলিপুর আবহাওয়া দপ্তরের প্রধান ডঃ সোমনাথ দত্তের সঙ্গে কথা বলেছেন সুস্মিতা মণ্ডল।

এই আলোচনা আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের সামাজিক মাধ্যমেও পাওয়া যাবে।

---

সদ্য সমাপ্ত রাজ্য বিধানসভার বাজেট অধিবেশনের শেষ দুই দিনে হুইপ জারি করা সত্ত্বেও অধিবেশনে অনুপস্থিত তৃণমূল কংগ্রেস পরিষদীয় দলের বিধায়ক ও মন্ত্রীদের নামের তালিকা তৈরি করে তাদের বিরুদ্ধে পদক্ষেপ নেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। দলের শৃঙ্খলা রক্ষা কমিটির চেয়ারম্যান পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় গতকাল বিধানসভায়, দলের মুখ্য সচিবক নির্মল ঘোষ এর সঙ্গে এই নিয়ে দীর্ঘক্ষণ বৈঠক করেন।

দু দিন অনুপস্থিত থাকা বিধায়কদের নামের তালিকা খতিয়ে দেখার পরে শীর্ষ নেতৃত্বের সঙ্গে আলোচনার পরেই তাদের বিরুদ্ধে পদক্ষেপ নেওয়া হবে বলে বৈঠকে সিদ্ধান্ত হয়েছে। যারা হুইপ অমান্য করেছেন তার কারণ দেখিয়ে তাদের কমিটির সামনে সশরীরে হাজিরা দিতে হবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। শোভনদেব বাবু সাংবাদিকদের বলেন,

বাইট

উল্লেখ্য গত ২০ মার্চ রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন শেষ হয়েছিল।

-----

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ভোটের তালিকা থেকে হিন্দু এবং হিন্দিভাষীদের নাম বাতিল করতে চাইছেন বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন, কৃষ্ণনগর দু'নম্বর ব্লকে শাসক দলের পক্ষ থেকে ৯৮জন হিন্দু ভোটারের নাম বাদ দেওয়ার জন্য বিডিওর কাছে বেআইনিভাবে সাদা কাগজে আবেদন করা হয়েছে। অবিলম্বে বিডিওকে ঐ আবেদন প্রত্যাহার করতে হবে বলে শ্রী অধিকারী দাবি করেন।

বাইট

তিনি আরো জানান, উত্তর ২৪পরগনার বাগদাতেও বিডিও হিন্দু ভোটারদের ডেকে তাদের নাগরিকত্ব প্রমাণ করার নির্দেশ দিয়েছেন। বিরোধী দলনেতা বলেন, অবিলম্বে এই বিডিওদের সরিয়ে দেওয়ার জন্য নির্বাচন কমিশনের কাছে আবেদন জানাবেন। পাশাপাশি তিনি যাদের নামের বাদ দেওয়ার চেষ্টা চলছে তাদের উদ্দেশ্যে বিষয়টি এড়িয়ে যাওয়ার আবেদন জানিয়েছেন।

---

উত্তর ২৪ পরগনার বারাসাতের শাসনে বসিরহাট তৃণমূল সাংগঠনিক জেলার পর্যবেক্ষক, রাজ্যের দমকল মন্ত্রী সুজিত বসুর সভাপতিত্বে এবং জেলার একাধিক তৃণমূল নেতৃত্বের উপস্থিতিতে এক বিশেষ বৈঠককে কেন্দ্র করে গতকাল উত্তেজনা ছড়ায়। হাড়োয়া দুই নম্বর ব্লক তৃণমূলের প্রাক্তন সভাপতি ফরিদ জমাদার, ব্লক যুব তৃণমূল সভাপতি আব্দুল খালেক মোল্লা সহ একাধিক নেতৃত্বকে কেন এই বৈঠকে ডাকা হয়নি সেই প্রশ্ন তুলে মন্ত্রী সুজিত বসুকে ঘিরে বিক্ষোভ দেখান আমন্ত্রণ না পাওয়া তৃণমূল কর্মীরা। বিক্ষোভকারীদের সঙ্গে হাতাহাতিতে জড়িয়ে পড়ে তৃণমূল কংগ্রেসের অন্য কর্মীরা। পরে শাসন থানার পুলিশ গিয়ে পরিস্থিতি সামাল দেয়।

---

মালদার গাজোলে সলাইডাঙ্গা অঞ্চলের সমবায় সমিতির ভোট আচমকা স্থগিত করে দেওয়ার প্রতিবাদে বিজেপির আন্দোলনকে কেন্দ্র করে গতকাল ব্যাপক উত্তেজনা ছড়ায়।

পুলিশ, সিভিক ভলান্টিয়ার ও ব্যাঙ্ক কর্তৃপক্ষকে গায়ের জোরে কার্যত টেনে হিঁচড়ে বাইরে বের করা হয় এবং সমবায় সমিতির অফিসে তালা ঝোলানোর অভিযোগ উঠেছে বিজেপি নেতাকর্মীদের বিরুদ্ধে।

উল্লেখ্য, বারডাঙ্গা সমবায় কৃষি উন্নয়ন সমিতির ভোট হওয়ার কথা ছিল রবিবার। কিন্তু প্রশাসন ভোট শুরুর মাত্র কয়েক ঘন্টা আগে পর্যাপ্ত পুলিশ না মেলার কারণ দেখিয়ে নির্বাচন স্থগিত করে দেয় বলে জানা গেছে। এর প্রতিবাদেই গতকাল সকাল থেকে বিজেপি নেতাকর্মীরা জোরদার আন্দোলন শুরু করেন। এর নেতৃত্বে ছিলেন গাজোলের বিজেপি বিধায়ক চিন্ময় দেব বর্মণ।

প্রথমে তারা বারডাঙ্গা এলাকায় মিছিল করেন। পরে সমবায় সমিতির অফিস ঘরের সামনে টায়ার জ্বালিয়ে বিক্ষোভ দেখাতে থাকেন। পুলিশ, সিভিক ভলান্টিয়ার এবং ব্যাঙ্ক কর্তৃপক্ষকে ১৫ মিনিটের মধ্যে অফিস খালি করতে বলেন। কিন্তু তারা ১৫ মিনিটের মধ্যে অফিস খালি না করায় বিজেপি নেতাকর্মীরা সেখানে ঢুকে তাদের বের করে দেয় বলেও অভিযোগ।

বিজেপি-র পক্ষ থেকে অবশ্য অভিযোগ অস্বীকার করা হয়েছে।

-----

একাদশ শ্রেণীর প্রথম ও দ্বিতীয় Semester, Semester 1 এর সাপ্লিমেন্টারি পরীক্ষা, প্রজেক্ট, ও প্রাকটিক্যাল পরীক্ষার মার্কস আপলোড করার জন্য উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের অনলাইন পোর্টাল খোলা হবে আগামীকাল। পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদের এর পক্ষে গতকাল এক বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়েছে।

নম্বর আপলোডের শেষ তারিখ আগামী ১৯ এপ্রিল বলে ওই বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।



-----

উত্তর ২৪ পরগণার বারাসতের কাছে স্থানীয় বাসিন্দাদের তৎপরতায় বড়সড় বিপর্যয় থেকে রক্ষা পেয়েছেন আপ বনগাঁ লোকালের নিত্যযাত্রীরা। অল্পের জন্য ট্রেনটির বেলাইন হওয়া আটকানো সম্ভব হয়। লাইনের উপর পাথর সাজানো আছে দেখে এলাকার লোকজন লোকোমোটরম্যানকে জানায়। ট্রেন থামিয়ে পাথর সরানোর পর, আবার ট্রেন চলাচল শুরু হয়।

-----